

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ২৮/০৩/২০২২; দুপুর ১২.০০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

- ০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব সুবোল বোস মনি আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি মন্ত্রণালয়কে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত আছে। চলতি ২০২১-২২ অর্থবছরের ২য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন ১২/০১/২০২২ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। চলতি ২০২১-২২ অর্থবছরের ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সভায় পর্যালোচনা করা হয়। বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতপূর্বক যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।
- ০৩। সভায় ডেপুটি অফিসার জানান যে, মন্ত্রণালয়/বিভাগের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন (প্রমাণকসহ) আগামী ১৪/০৭/২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ বিষয়ক পত্র পাওয়া গেছে। ইতোমধ্যে আগামী ০৭ জুলাই ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রমাণকসহ চূড়ান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সকল দপ্তর/সংস্থার প্রধানগণের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন প্রেরণে সকল অনুবিভাগ প্রধানগণকে ব্যক্তিগতভাবে তদারকির জন্য ফোকাল কর্মকর্তা অনুরোধ জানান।
- ০৪। সিদ্ধান্তঃ
- (১) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
 - (২) ২০২১-২২ অর্থবছরে এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন (প্রমাণকসহ) প্রেরণে অনুবিভাগ প্রধানগণকে ব্যক্তিগতভাবে তদারকির করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী)
সচিব
ও
সভাপতি

জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি